সমকাল

তারিখ 27 APR 2018
পৃষ্ঠা ... কলাম ...

# আরও ২ বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন

■ সমকাল প্রতিবেদক

এক সপ্তাহের ব্যবধানে নতুন আরও দুটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। বিশ্ববিদ্যালয় দুটি হচ্ছে- রাজশাহীতে 'শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটি' এবং বান্দরবানে 'বান্দরবান বিশ্ববিদ্যালয়'।

বান্দরবান বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বীর বাহাদুর উ শৈ সিং। তিনি বান্দরবান শিক্ষা উন্নয়ন ফাউন্ডেশনেরও প্রতিষ্ঠাতা।

অন্যদিকে শাহ মখদুম ম্যানেজমেন্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসেবে রয়েছেন বিএম শামসুল হক। তিনি সিঙ্গাপুর প্রবাসী বলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কর্মকর্তারা জানিয়েছেন।

এ দুটি বিশ্ববিদ্যালয়কে ২৩টি শর্তে অস্থায়ীভাবে বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার অনুমতি দেওয়া হয়েছে। এর মধ্যে কমপক্ষে ২৫ হাজার বর্গফুট আয়তন বিশিষ্ট নিজস্ব বা ভাড়া করা ভবন থাকা; বিশ্ববিদ্যালয় স্থাপন ও পরিচালনার জন্য সর্বোচ্চ ২১ কিন্তু কমপক্ষে ৯ সদস্যবিশিষ্ট ট্রাস্টি বোর্ড গঠন করতে বলা হয়েছে।